بسم الله الرحمن الرحيم

## পূর্ব কথা

إقرأ باسم ربك الذى خلق

"পড় তোমার প্রভূর নামে যিনি সৃষ্টি করেছেন।"

মহান রাব্বুল আলামীন সর্বপ্রথম মানবমন্ডলীকে পড়া বা জ্ঞানার্জনের নির্দেশ দিয়েছেন। সুতরাং কুরআন সুন্নাহর জ্ঞানের সাথে জাগতিক বিষয়াদির জ্ঞান দ্বারা মন ও আত্মাকে সমৃদ্ধ করাও মুসলমানদের জন্য আবশ্যকীয়। তবে অহীভিত্তিক জ্ঞানের আলোকেই সজ্জিত করতে হবে জাগতিক সকল জ্ঞান বিজ্ঞানকে। ইসলামী শিক্ষার অনুপস্থিতির কারণে ইংরেজ প্রবর্তিত বর্তমান সাধারণ শিক্ষা ছাত্র-ছাত্রীদের ঈমানী বুনিয়াদ সৃষ্টিতে এবং নৈতিক ও চারিত্রিক বিকাশ সাধনে ব্যর্থ প্রমাণিত হয়েছে। অন্যদিকে বর্তমান মাদরাসা শিক্ষায় ইসলামকে একটি পূর্ণাঙ্গ জীবন বিধান হিসেবে শিক্ষা দেয়ার মত যথাযথ ব্যবস্থা আজও গড়ে ওঠেনি। উপরন্তু ইসলামী আক্বীদা বিবর্জিত শিক্ষা ব্যবস্থা, নৈতিকতা বিবর্জিত অনৈসলামিক সংস্কৃতি ও তাগুতী শক্তির প্রভাবে ছাত্র-ছাত্রীরা সঠিক পথ নির্দেশনা থেকে বঞ্চিত ও বিপথগামী হয়ে পড়ছে। পারিপার্শ্বিকতার বেড়াজাল থেকে পরিত্রাণ ও চলমান নৈতিক ও চারিত্রিক অবক্ষয় রোধ করে মুসলিম উম্মাহর ভাবী বংশধরকে রক্ষা করার জন্য তাওহীদভিত্তিক জ্ঞান ও সাধারণ শিক্ষার সমন্বয় সাধনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। শিরক বিদআতমুক্ত সঠিক ইসলামী জ্ঞান, নৈতিক ও আধ্যাত্মিক মূল্যবোধের সংমিশ্রণ এবং আধুনিক শিক্ষার সার্বিক উন্নয়ন ও উৎকর্ষ সাধনের মাধ্যমেই কেবল সুযোগ্য ও আদর্শ নাগরিক সৃষ্টি করা যেতে পারে। এরূপ এক সমন্বিত শিক্ষার প্রসারের মাধ্যমে যোগ্য আলেম ও আদর্শ নাগরিক সৃষ্টির বাস্তব উদ্যোগ ও দৃপ্ত প্রয়াসে হযরত শাহজালাল (র:) এর পূণ্য স্মৃতিবিজড়িত সিলেট শহরের পাঠানটুলায় তাঁরই নামানুসারে প্রতিষ্ঠিত হয়েছে শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল (এম.এ) মাদরাসা।

**পরিবার ও মাতাপিতার ভূমিকা ঃ**

মানব শিশুকে উন্নত নৈতিক শিক্ষাদান ও তাকে আদর্শ নাগরিকরূপে গড়ার জন্য পরিবার ও মাতা-পিতার ভূমিকা অপরিসীম।

**পরিবার ঃ**

পরিবার মানব শিশুর প্রথম শিক্ষালয়। ছাত্র-ছাত্রীদের নৈতিক ও চারিত্রিক বিকাশ সাধন পরিবারের সুস্থ ও সুন্দর পরিবেশের উপর বহুলাংশে নির্ভরশীল। আপনার পারিবারিক পরিবেশ যত সুস্থ, সুন্দর ও রুচিশীল হবে, আপনার সন্তানদের জীবন তত সুন্দর ও সুগঠিত হবে।



**মাতাপিতা ঃ**

মাতা-পিতাকেই সর্বপ্রথম সন্তানের সুষ্টু লেখাপড়ার ব্যবস্থা ও উজ্জ্বল ভবিষ্যত গঠনের চিন্তা করতে হবে। মায়ের কোল শিশুদের প্রাথমিক বিদ্যালয় হিসেবে বিবেচিত। সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে পাঠিয়েই মাতা-পিতার কর্তব্য শেষ হয় না। মাদরাসায় তাদের লেখাপড়ার অগ্রগতির খোঁজ-খবর রাখা, বাসা-বাড়ীতে নিয়মিত রুটিন মাফিক পড়া, শিক্ষার তাগিদ দেয়া ও প্রয়োজনে শ্রেণি শিক্ষক বা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করাও তাদের দায়িত্ব। স্মরণ রাখা প্রয়োজন, আপনার সন্তান প্রতি ২৪ ঘন্টার ৫/৬ ঘন্টাই কেবল শিক্ষাঙ্গনে কাটায়। বাকী সময় সে আপনারই পাশে রয়েছে।

**সিলেবাস ঃ**

জামেয়া তার ছাত্রদের উন্নত শিক্ষাদান ও প্রশিক্ষণের জন্য যথাযথ সিলেবাস প্রণয়নে গুরুত্ব দিয়ে থাকে। সিলেবাস যত সুন্দর, সুসামঞ্জস্যপূর্ণ ও সমন্বিত হয়, পাঠদান ও পাঠ গ্রহণ তত উন্নত ও ফলপ্রসূ হয়। এ জন্য বছরের শুরু থেকে যাতে প্রত্যেক অভিভাবক ও শিক্ষার্থী সংশ্লিষ্ট বছরের পুরো পাঠ্যক্রম সম্বন্ধে ওয়াকিফহাল হতে পারেন এবং সেভাবে অগ্রসর হতে পারেন, সে লক্ষ্যে এ ব্যবস্থা গৃহীত হয়েছে।

বছরে পঠিতব্য পুরো সিলেবাসকে তিনভাগে ভাগ করত: সারা বছরের পাঠ্যক্রম প্রণীত হয়েছে। প্রত্যেক অংশেই প্রশ্নের ধরন, মানবন্টন ইত্যাদি সহ বিস্তারিত পঠিত বিষয়াদি বর্ণিত হয়েছে। এগুলো অভিভাবক ও শিক্ষার্থীর জন্য অত্যন্ত সহায়ক।

**বাড়ীর কাজ ঃ**

ক্লাসে পঠিত বিষয়কে বাড়ীতে অনুশীলনের মাধ্যমে রপ্ত করা এবং লেখা প্র্যাকটিস করা শিক্ষার্থীর জন্য অত্যন্ত জরুরী। প্রতি বিষয়েই সংশ্লিষ্ট শিক্ষকের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদেরকে নিয়মিত বাড়ীর কাজ প্রদান করা হয়। বাসা-বাড়ীতে অনুশীলন ও সুষ্ঠুভাবে বাড়ীর কাজ সম্পন্ন করার মাধ্যমে যাতে শিক্ষার্থীরা স্বীয় মান বৃদ্ধিতে এগিয়ে আসতে পারে সেজন্য অভিভাবকদের থাকতে হবে পূর্ণ সজাগ ও সচেতন।

**ক্লাসটেস্ট পরীক্ষাঃ**

প্রতিটি চূড়ান্ত পরীক্ষার পূর্বে প্রতি বিষয়ে ২টি ক্লাসটেস্ট পরীক্ষা গ্রহণ করা হবে। নির্ধারিত সময়সূচী অনুযায়ী পঠিত কোর্সের ভিতর থেকে ক্লাসের মধ্যেই এ পরীক্ষা গ্রহণ করা হয়। ২টি ক্লাসটেস্ট পরীক্ষায় ৭×২=১৪ নম্বর থাকবে। আরো ৬ নম্বর থাকবে এসাইনমেন্টে। মোট ২০ নম্বর। ক্লাসটেস্ট ও এসাইনমেন্ট এর জন্য বরাদ্দ থাকলো ২০ নম্বর। আবার চূড়ান্ত পরীক্ষার জন্য বরাদ্দ ৮০ নম্বর। তবে চূড়ান্ত পরীক্ষা হবে ১০০ নম্বরের। চূড়ান্ত এ ১০০ নম্বরকে ৮০% এ পরিবর্তন করা হবে। এভাবে প্রতিটি বিষয়ে চূড়ান্ত প্রাপ্ত নম্বর নির্ণয় করা হবে।

**এসাইনমেন্ট ঃ**

পঠিত বিষয়কে লিখার মাধ্যমে ভালভাবে রপ্ত করা, লেখার গতি বৃদ্ধি করা সহ ছাত্র-ছাত্রীরা যাতে পরীক্ষায় খাতায় পঠিত বিষয়কে সুন্দরভাবে সাজিয়ে গুছিয়ে এবং দ্রুত লিখতে অভ্যস্থ হয়ে উঠে এজন্য প্রতি বিষয়ে এসাইনমেন্ট চালু রয়েছে। প্রতি ক্লাসে প্রতিটি বিষয়ে লেখার জন্য নির্ধারিত সাইজের খাতা থাকবে। সংশ্লিষ্ট শিক্ষকের তত্ত্বাবধানে ছাত্র-ছাত্রীরা অনুশীলনীর আলোকে বিভিন্ন প্রশ্ন-উত্তর এবং শিক্ষকের দেয়া বিভিন্ন বিষয় নির্ধারিত খাতায় সুন্দরভাবে লিপিবদ্ধ করবে। প্রতি বিষয়ের এসাইনমেন্টের জন্য ৬ নম্বর নির্ধারিত রয়েছে।

**পরীক্ষাসমূহ**

| জামেয়া-শিশু থেকে জামেয়া-৫ |
|---|
| ১ম ক্লাসটেস্ট পরীক্ষা |
| ২য় ক্লাসটেস্ট পরীক্ষা |
| এসাইনমেন্ট-১ |
| ⇨ **বিশেষ মূল্যায়ন পরীক্ষা** |
| ৩য় ক্লাসটেস্ট পরীক্ষা |
| ৪র্থ ক্লাসটেস্ট পরীক্ষা |
| এসাইনমেন্ট-২ |
| ⇨ **অর্ধবার্ষিক পরীক্ষা** |
| ৫ম ক্লাসটেস্ট পরীক্ষা |
| ৬ষ্ঠ ক্লাসটেস্ট পরীক্ষা |
| এসাইনমেন্ট-৩ |
| ⇨ **বার্ষিক পরীক্ষা** |

✡ প্রতিটি বিষয়ে পাশ গণ্য হওয়ার জন্য চূড়ান্ত পরীক্ষায় ৮০ এর মধ্যে কমপক্ষে ২৫ পেতে হবে। এ ক্ষেত্রে ইনকোর্স পরীক্ষা ও এসাইনমেন্টে প্রাপ্ত নম্বর সহায়ক হবে না।



## পরীক্ষা মূল্যায়ন পদ্ধতি

| | | | |
|---|---|---|---|
| A+ (মমতাজ মুতাফাওয়ীক) | ৮০% | ----- | ১০০% |
| A (মমতাজ) | ৭০% | ----- | ৭৯% |
| A- (জাইয়্যিদ জিদ্দা) | ৬০% | ----- | ৬৯% |
| B (জাইয়্যিদ) | ৫০% | ----- | ৫৯% |
| C (মকবুল) | ৪০% | ----- | ৪৯% |
| D (নাজেহ) | ৩৩% | ----- | ৩৯% |

### পরীক্ষা সম্পর্কিত জ্ঞাতব্য বিষয়

❖ বিশেষ মূল্যায়ন পরীক্ষার ১০% ও অর্ধবার্ষিক পরীক্ষার ১০% নম্বর ও বার্ষিক পরীক্ষার ৮০% নম্বর একত্রে যোগ করে চূড়ান্ত ফলাফল নির্ণয় করা হবে।

❖ অর্ধবার্ষিক, বার্ষিক ও নির্বাচনী পরীক্ষার পূর্বে প্রতি বিষয়ে ২টি ইনকোর্স পরীক্ষায় বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে।

❖ প্রতিটি ইনকোর্স পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে শ্রেণিতে ফলাফল জানিয়ে দেয়া হবে।

❖ অর্ধবার্ষিক পরীক্ষার খসড়া ফলাফল প্রকাশের দিন ছাত্র-ছাত্রীদেরকে পরীক্ষার উত্তরপত্র দেখার জন্য দেয়ার দুই দিনের মধ্যে পুনরায় সংশ্লিষ্ট শিক্ষকদের কাছে ফেরৎ দিতে হবে। চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখ মেধাভিত্তিক অবস্থান চিহ্নিত করে মানোন্নয়নপত্র দেয়া হবে।

❖ বার্ষিক পরীক্ষার কোন উত্তরপত্র ছাত্র-ছাত্রীদের কাছে দেয়া হবে না। চূড়ান্ত ফলাফল প্রকাশের তারিখে শুধুমাত্র মানোন্নয়নপত্র প্রদান করা হবে।

❖ বার্ষিক পরীক্ষায় অকৃতকার্য কোন ছাত্র-ছাত্রীকে পরবর্তী বৎসর জামেয়ায় ভর্তি করা হয় না।

❖ বার্ষিক পরীক্ষায় কোন বিষয়ে পূন:নিরীক্ষণ করাতে চাইলে উত্তরপত্র জমা দেয়ার তিন দিনের মধ্যে ১০০/= টাকা ফি জমা দিয়ে আবেদন করতে হবে। আবেদন করার তিন দিনের মধ্যে পুন:নিরীক্ষণের ফলাফল জানিয়ে দেয়া হবে।

### পরীক্ষায় অসদুপায় অবলম্বন

পরীক্ষায় যাতে ছাত্র-ছাত্রীরা কোন উপায়েই অসদুপায় অবলম্বন করতে না পারে এ ব্যাপারে অত্যন্ত কঠোরতা প্রদর্শন করা হয়। এ ব্যাপারে কোন দূর্বলতা বা শিথিলতার আশ্রয় নেয়া হয় না। কোন শিক্ষার্থী মাত্র একবার এক বিষয়েই এরূপ কোন কাজে ধরা পড়লে অভিভাবকের মতামত ছাড়াই তার সংশ্লিষ্ট উত্তরপত্র বাতিল বা তাকে পরীক্ষা থেকে বহিস্কার করা হয়।

## ছুটিকালীন কাজ

দীর্ঘ ছুটিতে বিশেষ বাড়ীর কাজ দেয়া হয়। এগুলো বাড়ী থেকে লিখে এনে দাখিল করতে হয়। এ সময় অভিভাবকরা বিশেষভাবে ছাত্র-ছাত্রীদের প্রতি নজর রাখবেন।

## জামেয়ায় আগমন ও অবস্থান সংক্রান্ত নিয়ম-নীতি

- ❖ নির্ধারিত সময়সূচী অনুযায়ী প্রত্যেক ছাত্র-ছাত্রীকে জামেয়ায় আগমন করতে হয়। নির্ধারিত সময়ের পর বিলম্বে জামেয়ায় আসতে পারবে না।
- ❖ শ্রেণি কার্যক্রম শুরুর প্রাক্কালে প্রত্যেক শিক্ষার্থীর প্রাত্যহিক সমাবেশে অংশগ্রহণ বাধ্যতামূলক। নিয়মিত কার্যক্রম শুরুর ১৫ মিনিট পর কোন শিক্ষার্থীকে প্রতিষ্ঠানে প্রবেশের সুযোগ প্রদান করা হয় না।
- ❖ কোন ছাত্র-ছাত্রী কর্তৃপক্ষের অনুমতি ছাড়া জামেয়ায় অনুপস্থিত থাকতে পারবে না। বিশেষ কারণে ছুটির প্রয়োজন হলে পূর্বেই শ্রেণি শিক্ষকের মাধ্যমে অধ্যক্ষের নিকট থেকে অনুমতি গ্রহণ করতে হবে। ছুটি ছাড়া অনুপস্থিত থাকলে প্রতিদিন ২০/- টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।
- ❖ শিক্ষার্থীদের সাথে অভিভাবকেরা ২য় গেইটের ভিতরে প্রবেশ করতে পারবেন না। বেতন পরিশোধের জন্য ভিতরে প্রবেশ করলেও কোন ভাবেই ক্লাসের ভিতরে প্রবেশ এবং বারান্দায় বা ক্লাসের সামনে অবস্থান করতে পারবেন না।
- ❖ ব্যক্তিগত বা পারিবারিক কোন কাজ বা দায়িত্ব নিয়ে জামেয়ায় এসে আংশিক ছুটি চাওয়া যাবে না। একান্ত প্রয়োজন থাকলে বিধি মোতাবেক অভিভাবকের সুপারিশ সাপেক্ষে পূর্ণ দিবসের ছুটি নেয়া যেতে পারে।
- ❖ জামেয়া চলাকালীন লিখিত অনুমতি ছাড়া ক্যাম্পাসের বাইরে যাওয়া বা জামেয়া ত্যাগ করা শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে ৫০/- টাকা জরিমানা সহ প্রতিষ্ঠানের বিধি মোতাবেক শোকজ, সাসপেন্ড ইত্যাদি যে কোন কঠিন শাস্তি আরোপিত হবে।
- ❖ কোন শিক্ষার্থী ব্যক্তিগত মোবাইল ফোন নিয়ে ক্লাসে আসতে পারবে না। অন্যথায় তা সীজকরণসহ কঠিন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সীজকৃত মোবাইল কোন মতেই ফেরত প্রদান করা হবে না।
- ❖ জামেয়া চলাকালীন জামেয়ায় জোহরের নামাজ জামায়াতে আদায় করা বাধ্যতামূলক।
- ❖ জোহরের নামাজের পিরিয়ডে ঘন্টা বাজার দশ মিনিটের মধ্যেই অযু সম্পন্ন করে মসজিদে উপস্থিত হওয়া এবং নামাজ পরবর্তী তারবিয়াতী আলোচনায় উপস্থিত থাকা বাধ্যতামূলক।



- ❖ ছাত্র-ছাত্রীদের শ্রেণিকক্ষে প্রবেশ, ছুটির সময় শ্রেণিকক্ষ ত্যাগ, জোহরের সময় মসজিদে নামাজ আদায় এবং মসজিদ থেকে বের হওয়ার ক্ষেত্রে সুশৃংখল নিয়ম-নীতি মেনে চলতে হয়।
- ❖ শিক্ষার্থীদের মোট কার্যকালের কমপক্ষে ৭০% উপস্থিতি অপরিহার্য। ক্লাসে উপস্থিতি ৭০% এর কম হলে শিক্ষার্থীকে বার্ষিক বা নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদান করা হয় না।

## বেতন পরিশোধ সংক্রান্ত জ্ঞাতব্য

- ❁ প্রতি মাসের ১ থেকে ১২ তারিখের মধ্যে ঐ মাসের বেতন পরিশোধ করতে হবে। শনিবারে কোন বেতন গ্রহণ করা হয় না।
- ❁ বেতন পরিশোধের নির্ধারিত তারিখে বেতন পরিশোধ না করলে ২০/- টাকা বিলম্ব জরিমানাসহ পরবর্তী মাসের নির্ধারিত তারিখে পরিশোধ করা যাবে।
- ❁ পর পর দুই মাস বেতন পরিশোধ না করলে ভর্তি বাতিল হবে। পরবর্তীতে পুন:ভর্তি ফি ৫০০/- টাকা সহ সমুদয় বকেয়া পরিশোধ করে নাম রেজিষ্ট্রিভূক্ত করতে হবে।
- ❁ প্রতি সাময়িক ও বার্ষিক পরীক্ষার পূর্বে নির্ধারিত তারিখ সমূহে বেতন ও পরীক্ষার ফি পরিশোধ করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ❁ বার্ষিক পরীক্ষার পূর্বে ডিসেম্বর মাসের বেতন সহ যাবতীয় বকেয়া (যদি থাকে) পরিশোধ করতে হবে।

## শেষ কথা

জামেয়া একটি আদর্শ দ্বীনি শিক্ষা প্রতিষ্ঠান। আপনার সন্তানের মেধা বিকাশের মাধ্যমে তার উন্নততর পড়াশুনা ও চারিত্রিক মানকে বিকশিত করে তুলতে আমরা সদা সচেষ্ট। আপনাদের সার্বিক সহযোগিতা ও সুপরামর্শই আমাদের পাথেয়। আমাদের প্রচেষ্টাকে সফলতার দ্বারপ্রান্তে পৌছানোর জন্য আপনার আন্তরিক সহায়তা আমাদের প্রয়োজন।

## শ্রেণি কার্যক্রম শুরুর প্রাক্কালে নিয়মিত এসেম্বলী এর বিবরণ

- আরবীতে সূরা ফাতেহা পাঠ
- কবি গোলাম মোস্তফা রচিত সূরা ফাতেহার কাব্যানুবাদ ঃ

### মুনাজাত

অনন্ত অসীম প্রেমময় তুমি
বিচার দিনের স্বামী
যত গুণগান হে চির মহান
তোমারই অন্তর্যামী।
দ্যুলোকে ভূলোকে সবারে ছাড়িয়া
তোমারই চরণে পড়ি লুটাইয়া
তোমারই সকাশে যাচি হে শকতি
তোমারই করুণাকামী।
সরল সঠিক পূণ্য পন্থা
মোদেরে দাও গো বলি
চালাও সে পথে যে পথে তোমার
প্রিয়জন গেছে চলি।
যে পথে তোমার চির অভিশাপ
যে পথে ভ্রান্তি চির পরিতাপ
হে মহাচালক, মোদেরে কখনো
করো না সে পথগামী।

- অর্থসহ কুরআন এর বাণী পাঠ
- অর্থসহ হাদীস পাঠ
- ওয়াদা ঃ

### ওয়াদা

আমি ওয়াদা করিতেছি যে, ইসলামের সকল বিধি-বিধান মানিয়া চলিব। কুরআন-সুন্নাহর সুমহান শিক্ষার প্রচার ও প্রসারে সর্বাত্নক চেষ্টা করিব। বাংলাদেশের উন্নতি, অগ্রগতি ও সংহতি রক্ষা করিতে সর্বদা সচেষ্ট থাকিব। জামেয়ার সকল নিয়ম-শৃংখলা মানিয়া চলিতে বাধ্য থাকিব। আল্লাহ আমাকে এ ওয়াদা পালনের তাওফীক দিন। আমীন!

- জাতীয় সঙ্গীত পরিবেশন
- শরীর চর্চা
- ইসলামী শিক্ষা ও উদ্দীপনামূলক নির্বাচিত বাণী আবৃত্তি করে সুশৃংখলভাবে শ্রেণিকক্ষে প্রবেশ



## শাহজালাল জামেয়া ইসলামিয়া কামিল (এম.এ) মাদরাসা

পাঠানটুলা, সিলেট।

পাঠ্য বিষয়, পাঠ্য তালিকা ও মানবন্টন ২০২৪ ঈসায়ী

**জামেয়া ঃ ৩**

**মোট নম্বর ঃ ৯০০**

| বিষয় | নম্বর | পাঠ্যবই |
|---|---|---|
| ১. কুরআন | ১০০ | কুরআন মজিদ ও তাজবিদ শিক্ষা ... মাদরাসা বোর্ড |
| ২. আরবী | ১০০ | আদ-দুরুসুল আরাবিয়্যাহ ... মাদরাসা বোর্ড |
| ৩. ইসলাম শিক্ষা | ১০০ | আকাইদ ও ফিক্হ ... মাদরাসা বোর্ড |
| ৪. বাংলা | ১০০ | ক) আমার বাংলা বই- ... এনসিটিবি<br>খ) ছোটদের সহজ বাংলা ব্যাকরণ ও নির্মিতি ২য়- আইসিইডি |
| ৫. গণিত | ১০০ | গণিত- ইবতেদায়ী ৩য় শ্রেণি ... এনসিটিবি |
| ৬. ইংরেজী | ১০০ | ক) English for Today ... এনসিটিবি<br>খ) My First English Grammar-2 ...আইসিইডি<br>গ) Model Word Book-1 Educare Pub. |
| ৭. সমাজ ও বিজ্ঞান | ১০০ | ক) বাংলাদেশ ও বিশ্বপরিচয়-ইবতেঃ ৩য় শ্রেণি এনসিটিবি<br>খ) বিজ্ঞান- ইবতেদায়ী ৩য় শ্রেণি এনসিটিবি |
| ৮. সাধারণ জ্ঞান, কম্পিউটার, হস্তলিপি ও ড্রইং | ৩০+৩০<br>২০+২০<br>=১০০ | ক) শিশুদের জ্ঞানকোষ-২ ... মোঃ লুৎফুর রহমান<br>খ) ছোটমণিদের কম্পিউটারে হাতেখড়ি-২ ...মাহবুবুর রহমান<br>গ) এসো লেখা শিখি-৩ ...মাহবুবুর রহমান<br>ঘ) ছোটদের আরবী হাতের লেখা-৩ ... মোঃ লুৎফুর রহমান<br>ঙ) My First Hand Writing Book-3 Md. Mahbubur Rahman<br>চ) আঁকতে শিখি-৪ ...এডুকেশন সোসাইটি |
| ৯. ব্যবহারিক | ৫০+৩০+<br>২০=১০০ | আমল-আখলাক, উপস্থিতি ও পরিষ্কার পরিচ্ছন্নতা |
| ১০. খাতা | প্রতি পরীক্ষায় ৭বিষয়ে ৭টি খাতা। সাইজ- ডিমাই সাইজ, পৃষ্ঠা- ৮০ | |

**জামেয়া-৩**

## বিষয় ঃ কুরআন মাজিদ ও তাজভিদ

**পূর্ণমান ঃ ১০০**

পাঠ্য বই ঃ কুরআন মাজিদ ও তাজভিদ- ইব: ৩য় শ্রেণি, বাংলাদেশ মাদরাসা বোর্ড

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

**লিখিত ঃ ৬০**

| | |
|---|---|
| ১। এক কথায়/ এক বাক্যে উত্তর [কুরআন+তাজভিদ] ঃ ১০টি | ১×১০=১০ |
| **কুরআন-** | |
| ২। হরকতসহ সূরা মুখস্থ লিখা ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৩। হরকত ছাড়া সূরা মুখস্থ লিখা ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৪। শূন্যস্থান পূরণ ঃ ৫টি | ২×৫=১০ |
| **তাজভিদ-** | |
| ৫। অনুশীলনীর আলোকে সংক্ষিপ্ত উত্তর ঃ ৩টির মধ্যে ২টি | ৫×২=১০ |
| ৬। তাজভিদের কায়দা বর্ণনা করা ঃ ৫টি | ২×৫=১০ |
| **মৌখিক ঃ ৪০** | |
| ১। বিশুদ্ধ পঠন ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ২। সূরা মুখস্থ বলা ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৩। হরফের মাখরাজ বর্ণনা করা ঃ ৩টির মধ্যে ২টি | ৫×২=১০ |
| ৪। তাজভীদের কায়দা বলা ঃ ৫টি | ২×৫=১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| ➝ ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

### ⇨ বিশেষ মূল্যায়ন পরীক্ষা

- কুরআন ঃ ➝ ১ম অধ্যায়- ১ম পরিচ্ছেদ ঃ ১ম পাঠ
  - ২য় পরিচ্ছেদ ঃ ১ম থেকে ৭ম পাঠ
  - ৩য় পরিচ্ছেদ : কুরআন মাজিদ পরিচিতি
  - ➝ ২য় অধ্যায়- ১ম থেকে ৫ম পাঠ
- তাজভিদ ঃ ১ম ও ২য় পাঠ



### ⇨ অর্ধবার্ষিক পরীক্ষা

- কুরআন ঃ ➝ ১ম অধ্যায়- ১ম পরিচ্ছেদ ঃ ২য় পাঠ
  - ২য় পরিচ্ছেদ ঃ ৮ম থেকে ১৪শ পাঠ
  - ➝ ২য় অধ্যায়- ৫ম থেকে ৮ম পাঠ
- তাজভিদ ঃ ৩য় ও ৪র্থ পাঠ

### ⇨ বার্ষিক পরীক্ষা

- কুরআন ঃ ➝ ১ম অধ্যায়- ১ম পরিচ্ছেদ ঃ ৩য় পাঠ
  - ২য় পরিচ্ছেদ ঃ ১৫শ থেকে ২০শ পাঠ
  - ৩য় পরিচ্ছেদ
  - ➝ ২য় অধ্যায়- ৭ম থেকে ১১শ পাঠ
- তাজভিদ ঃ ৩য়, ৪র্থ ও ৫ম পাঠ

## জামেয়া-৩
## বিষয় ঃ আরবী
### পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ আদ্‌দুরূসুল আরাবিয়্যাহ (ইব: ৩য় শ্রেণি)- বাংলাদেশ মাদরাসা বোর্ড

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

| | |
|---|---|
| ১। শব্দার্থ লিখা (আরবি থেকে বাংলা) ঃ ১০টি | ১×১০=১০ |
| ২। বাংলায় অনুবাদ ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৩। কবিতা মুখস্থ (৪লাইন) ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৪। পাঠ্য বইয়ের আলোকে প্রশ্নোত্তর ঃ ৭টির মধ্যে ৫টি | ৫×৫=২৫ |
| ৫। শূন্যস্থান পূরণ ঃ ৭টির মধ্যে ৫টি | ২×৫=১০ |
| ৬। আরবিতে কথায় গণনা লেখা ঃ ১০টি | ১০ |
| ৭। আরবিতে বাক্য গঠন ঃ ৭টির মধ্যে ৫টি | ৩×৫=১৫ |
| ৮। সঠিক উত্তর/ ডান-বাম মিলানো ঃ ৫টি | ২×৫=১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

⇨ **বিশেষ মূল্যায়ন পরীক্ষা ঃ**

الدرس الاول ــــ الدرس السابع

> আরবিতে কথায় গণনা লিখা ঃ ১-২০ পর্যন্ত।

⇨ **অর্ধবার্ষিক পরীক্ষা ঃ**

الدرس الثامن ــــ الدرس الثالث عشر

> আরবিতে কথায় গণনা লিখা ঃ ২১-৩৫ পর্যন্ত।

⇨ **বার্ষিক পরীক্ষা ঃ**

الدرس الرابع عشر ــــ الدرس العشرون

الاعداد الترتيبية

> আরবিতে কথায় গণনা লিখা ঃ ৩৬-৫০ পর্যন্ত।



## জামেয়া-৩
## বিষয় ঃ আকাইদ ও ফিক্‌হ
### পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ আকাইদ ও ফিক্‌হ (ইব: ৩য় শ্রেণি)- বাংলাদেশ মাদরাসা বোর্ড

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর ঃ ৭টির মধ্যে ৫টি | ১০×৫=৫০ |
| ২। শূন্যস্থান পূরণ ঃ ১০টির মধ্যে ৮টি | ১×৮=৮ |
| ৩। সঠিক উত্তর বাছাই ঃ ১০টির মধ্যে ৮টি | ১×৮=৮ |
| ৪। অর্থসহ কালিমা লিখা ঃ ২টির মধ্যে ১টি | ১২×১=১২ |
| ৫। আরবীতে দোয়া লিখা ঃ ২টির মধ্যে ১টি | ১২×১=১২ |
| ৬। দোয়ার অর্থ লিখা ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

⇨ **বিশেষ মূল্যায়ন পরীক্ষা**

→ আকাইদ ঃ ১ম অধ্যায়: ১ম, ২য় ও ৩য় পাঠ

→ ফিকহ ঃ ৩য় অধ্যায়: ১ম, ২য় ও ৩য় পাঠ

→ আখলাক ঃ ৫ম অধ্যায়

→ মুখস্থ লিখন ঃ
১. অর্থসহ কালিমা তায়্যিবা ও কালিমা শাহাদাত পৃ: ২-৩
২. তাশাহুদ ও দরুদ শরীফ
৩. মুনাজাতের দোয়া (১) পৃ: ২৪
৪. মসজিদের প্রবেশ ও বের হওয়ার দোয়া- পৃ: ৩১-৩২

## ⇨ অর্ধবার্ষিক পরীক্ষা

→। আকাইদ ঃ ২য় অধ্যায়: ১ম, ২য় ও ৩য় পাঠ

→। ফিকহ ঃ ৪র্থ অধ্যায়: ১ম, ২য় ও ৩য় পাঠ

→। আখলাক ঃ ৬ষ্ঠ অধ্যায়

→। মুখস্থ লিখন ঃ
১. ইমানে মুজমাল ও মুফাসসাল পৃ: ৪-৫
২. দোয়ায়ে মাছুরা
৩. মুনাজাতের দোয়া (২) পৃ: ২৪
৪. প্রস্রাব-পায়খানায় প্রবেশ ও বের হওয়ার দোয়া

## ⇨ বার্ষিক পরীক্ষা

→। আকাইদ ঃ ১ম অধ্যায়: ৪র্থ পাঠ
২য় অধ্যায়: ৩য়, ৪র্থ ও ৫ম পাঠ

→। ফিকহ ঃ ৩য় অধ্যায়: ২য় ও ৩য় পাঠ
৪র্থ অধ্যায়: ৪র্থ ও ৫ম পাঠ

→। আখলাক ঃ আখলাকে হাসানাহ, সততা, বড়দের প্রতি সম্মান, দোয়া।

→। মুখস্থ লিখন ঃ
১. মসজিদে প্রবেশ ও বের হওয়ার দোয়া
২. প্রশ্রাব পায়খানায় প্রবেশ ও বের হওয়ার দোয়া
৩. ঘরে প্রবেশ ও বের হওয়ার দোয়া
৪. ওযুর পর পড়ার দোয়া
৫. কালিমা শাহাদাত ও ইমানে মুফাসসাল



# জামেয়া-৩
## বিষয় ঃ বাংলা
## পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ ১. আমার বাংলা বই, ইবতে: ৩য় শ্রেণি, এনসিটিবি
২. সহজ বাংলা ব্যাকরণ ও নির্মিতি- ৩য় শ্রেণি

### প্রশ্নের ধরন ও মানবন্টন

⇨ আমার বাংলা বই ঃ ৫৫

| | |
|---|---|
| ১। শব্দার্থ (গদ্য ও পদ্য থেকে) ঃ ১৫টির মধ্যে ১০টি | ১×১০=১০ |
| ২। কবিতা মুখস্থ ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৩। প্রশ্নোত্তর ঃ ৭টির মধ্যে ৫টি | ৫×৫=২৫ |
| ৪। বাক্য রচনা ঃ ৭টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৫। শূন্যস্থান পূরণ/ সঠিক উত্তর বাছাই/ অনুশীলনীর আলোকে অন্যান্য প্রশ্ন ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ⇨ ব্যাকরণ ঃ ৪৫ | |
| ৬। ব্যাকরণগত প্রশ্ন ঃ ৫টির মধ্যে ৩টি | ৫×৩=১৫ |
| ৭। দরখাস্ত ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৮। চিঠি ঃ ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| ৯। রচনা ঃ ৩টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| →। ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

### ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ

## ⇨ বিশেষ মূল্যায়ন পরীক্ষা

→। বাংলা ঃ বিষয়: ১--৯

→। ব্যাকরণ ঃ ১ম পাঠ থেকে ৫ম পাঠ

→। চিঠি ঃ ১, ২

→। দরখাস্ত ঃ ১, ২

→। রচনা ঃ ১. হযরত মুহাম্মদ (স:)
২. আমাদের গ্রাম
৩. বাংলাদেশের সোনালী আঁশ

### ⇨ অর্ধবার্ষিক পরীক্ষা

→। বাংলা ঃ বিষয়: ১০--১৮
→। ব্যাকরণ ঃ ৬ষ্ঠ পাঠ থেকে ১১শ পাঠ
→। চিঠি ঃ ৩, ৪
→। দরখাস্ত ঃ ৩, ৪
→। রচনা ঃ ১. আমাদের মাদরাসা
২. কম্পিউটার
৩. ছাত্রজীবন

### ⇨ বার্ষিক পরীক্ষা

→। বাংলা ঃ বিষয়: ১৯--২৮
→। ব্যাকরণ ঃ ১ম, ৫ম, ৬ষ্ঠ, ৯ম ও ১০ম পাঠ
→। চিঠি ঃ ১, ৩
→। দরখাস্ত ঃ ১, ২ ও ৩
→। রচনা ঃ ১. সময়ের মূল্য
২. একুশে ফেব্রুয়ারি
৩. আমাদের দেশ



## জামেয়া-৩
## বিষয় ঃ গণিত
## পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ ইবতেদায়ী গণিত-ইব: ৩য় শ্রেণি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

### প্রশ্নের ধরন ও মানবন্টন

→। জ্যামিতি ও নামতাসহ মোট ১৩টি প্রশ্ন দেয়া থাকবে। ১০টির উত্তর দিতে হবে। জ্যামিতি আবশ্যক।

(ক) গণিত ঃ ১২টি প্রশ্ন দেওয়া থাকবে, ৯টির উত্তর দিতে হবে- ১০×৯=৯০
(খ) জ্যামিতি ঃ চিত্রসহ সংজ্ঞা দেয়া- ৩টির মধ্যে ২টি ৫×২=১০
**মোট = ১০০**
কনভার্টেড ঃ = ৮০

→। ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ ৭+৭+৬ = ২০
সর্বমোট = ১০০

### ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ

### ⇨ বিশেষ মূল্যায়ন পরীক্ষা

→। গণিত ঃ অধ্যায়: ১-৪
→। জ্যামিতি ঃ অধ্যায়: ১২ (বিন্দু, রেখা, তল, কোণ)
→। নামতা ঃ ১১-১৩

### ⇨ অর্ধবার্ষিক পরীক্ষা

→। গণিত ঃ অধ্যায়: ৫-৮
→। জ্যামিতি ঃ অধ্যায়: ১২ (চতুর্ভুজ)
→। নামতা ঃ ১৪-১৬

### ⇨ বার্ষিক পরীক্ষা

→। গণিত ঃ অধ্যায়: ৯, ১০, ১১ ও ১৩
→। জ্যামিতি ঃ অধ্যায়: ১২ (জ্যামিতিক প্যাটার্ন)
→। নামতা ঃ ১৭-২০

জামেয়া-৩

## বিষয় ঃ ইংরেজি

পূর্ণমান ঃ ১০০

পাঠ্য বই ঃ
ক) English For Today- NCTB
খ) My First English Grammar- ICED
গ) My Picture Word Book-2 Shereen Haque

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

⇥ **English:**

| | |
|---|---|
| ১। শব্দার্থ লিখা (মূল বই) ঃ ১২টির মধ্যে ১০টি | ১×১০=১০ |
| ২। ইংরেজি করা (ওয়ার্ড বুক) ঃ ১২টির মধ্যে ১০টি | ১×১০=১০ |
| ৩। প্রশ্নোত্তর ঃ ৮টির মধ্যে ৫টি | ৪×৫=২০ |
| ৪। অনুবাদ ঃ ৭টির মধ্যে ৫টি | ২×৫=১০ |
| ৫। বাক্য তৈরী ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৬। শূন্যস্থান পূরণ ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |

⇥ **Grammar:**

| | |
|---|---|
| ৭। প্রশ্নোত্তর ঃ ৫টির মধ্যে ৩টি | ৬×৩=১৮ |
| ৮। Translation ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৯। Letter/ Application Writing: ২টির মধ্যে ১টি | ৭×১=৭ |
| ১০। Paragraph Writing: ২টির মধ্যে ১টি | ১০×১=১০ |
| | মোট = ১০০ |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| ⇥ ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

### ✧ বিশেষ মূল্যায়ন পরীক্ষা ✧

⇥ English for Today: Unit: 1-2
⇥ Grammar: Lesson: 1-4
⇥ Translation: Lesson: 1-2



⇥ Letter/Application:
a) Write a letter to your father for money.
b) Write an application to the principal for leave of absence.

⇥ Paragraph:
a) The Cow
b) My Pet Animal

⇥ Word Book: Lesson 1-8

### ✧ অর্ধবার্ষিক পরীক্ষা ✧

⇥ English for Today: Unit: 3-5
⇥ Grammar: Lesson: 5-8
⇥ Translation: Lesson: 3- 4
⇥ Letter/Application:
a) Write a letter to your friend inviting him to a picnic.
b) Write an application to your principal for leave Madrasah earlier.

⇥ Paragraph:
a) My Mother
b) My Reading Room

⇥ Word Book: Lesson 9-20

### ✧ বার্ষিক পরীক্ষা ✧

⇥ English for Today: Unit: 6, 7, 8
⇥ Grammar: Lesson: 9- 13
⇥ Translation: Lesson: 5- 6
⇥ Letter/Application:
a) Write a letter to your friend inviting him to attend the marriage ceremony of your sister.

b) Write an application to your principal for a full free studentship.

→ Paragraph:

a) My Garden

b) Motherland

→ Word Book: Lesson 21-30



## জামেয়া-৩

## বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান

**পূর্ণমান ঃ ১০০**

পাঠ্য বই ঃ ক) বাংলাদেশ ও বিশ্ব পরিচয় : এনসিটিবি

খ) বিজ্ঞান : এনসিটিবি

**প্রশ্নের ধরন ও মানবন্টন**

**বাংলাদেশ ও বিশ্বপরিচয়-৫০**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর ঃ ৮টির মধ্যে ৫টি | ৬×৫=৩০ |
| ২। শূন্যস্থান পূরণ ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৩। সঠিক উত্তর বাছাই ঃ ১৫টির মধ্যে ১০টি | ১×১০=১০ |
| ৪। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করণ | ১×৫=৫ |

**বিজ্ঞান-৫০**

| | |
|---|---|
| ১। প্রশ্নোত্তর ঃ ৮টির মধ্যে ৫টি | ৬×৫=৩০ |
| ২। শূন্যস্থান পূরণ ঃ ৮টির মধ্যে ৫টি | ১×৫=৫ |
| ৩। সঠিক উত্তর বাছাই ঃ ১৫টির মধ্যে ১০টি | ১×১০=১০ |
| ৪। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করণ | ১×৫=৫ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

**ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ**

⇨ **বিশেষ মূল্যায়ন পরীক্ষা**

→ বাংলাদেশ ও বিশ্বপরিচয় ঃ ১ম অধ্যায় থেকে ৪র্থ অধ্যায়

→ বিজ্ঞান ঃ ১ম অধ্যায় থেকে ৪র্থ অধ্যায়

⇨ **অর্ধবার্ষিক পরীক্ষা**

→ বাংলাদেশ ও বিশ্বপরিচয় ঃ ৫ম অধ্যায় থেকে ৮ম অধ্যায়

→ বিজ্ঞান ঃ ৫ম অধ্যায় থেকে ৮ম অধ্যায়

⇨ **বার্ষিক পরীক্ষা**

→ বাংলাদেশ ও বিশ্বপরিচয় ঃ ৯ম অধ্যায় থেকে ১৩শ অধ্যায়

→ বিজ্ঞান ঃ ৯ম অধ্যায় থেকে ১১শ অধ্যায়

## জামেয়া-৩
## বিষয় ঃ সাধারণ জ্ঞান, কম্পিউটার, হস্তলিপি ও অংকন শিক্ষা
## পূর্ণমান ঃ ১০০

**পাঠ্য বই ঃ**

| | |
|---|---|
| ক) শিশুদের জ্ঞান কোষ-৩ | মোঃ লুৎফুর রহমান |
| খ) কম্পিউটারে হাতেখড়ি-২ | মাহবুবুর রহমান |
| গ) এসো লেখা শিখি-৩ | মাহবুবুর রহমান |
| ঘ) ছোটদের আরবী হাতের লেখা-৩ | মোঃ লুৎফুর রহমান |
| ঙ) My First Hand Writing Book-3 | -Md. Mahbubur Rahman |
| চ) আঁকতে শিখি-৪ | সোসাইটি |

### প্রশ্নের ধরন ও মানবন্টন

| | |
|---|---|
| → সাধারণ জ্ঞান- | |
| ১। প্রশ্নোত্তর ঃ ২০টির মধ্যে ১৫টি | ২×১৫=৩০ |
| → কম্পিউটার | |
| ২। অক্ষর দিয়ে শব্দ লেখা ও সংক্ষিপ্ত পরিচয় দেয়া ঃ ৩টি | ৩×৩=৯ |
| ৩। ছবি দেখে নাম লেখা ঃ ৬টি | ১×৬=৬ |
| ৪। সংক্ষিপ্ত প্রশ্নোত্তর ঃ ৭টির মধ্যে ৫টি | ৩×৫=১৫ |
| → হস্তলিপি- | |
| ৫। হস্তলিপি ঃ আরবী, ইংরেজি, বাংলা | ৫×৩=১৫ |
| → অংকন | |
| ৪। ছবি আঁকা ঃ ৫টির মধ্যে ৩টি | ৫×৩=১৫ |
| → কম্পিউটার ব্যবহারিক ঃ | ১০ |
| | **মোট = ১০০** |
| | কনভার্টেড ঃ = ৮০ |
| → ২টি ক্লাসটেস্ট ও ১টি এসাইনমেন্ট ঃ | ৭+৭+৬ = ২০ |
| | সর্বমোট = ১০০ |

### ঃ বিস্তারিত পাঠ্যসূচী ঃ

### ⇨ বিশেষ মূল্যায়ন পরীক্ষা

→ জ্ঞান কোষ ঃ পৃ: ৩-১৫

→ কম্পিউটার ঃ

বর্ণমালায় কম্পিউটার ঃ A থেকে R পর্যন্ত [ও তৎসংশ্লিষ্ট অনুশীলনী]



| | |
|---|---|
| আমাদের কম্পিউটার | পৃষ্ঠা- ১০ |
| কম্পিউটার পরিচিতি | পৃষ্ঠা- ১১ |
| একটি কম্পিউটারে যা থাকে | পৃষ্ঠা- ১২ |
| → আরবী হাতের লেখা ঃ | পৃষ্ঠা- ৩-১৪ |
| → এসো লেখা শিখি ঃ | পৃষ্ঠা- ৩-১৪ |
| → Hand Writing Book: | পৃষ্ঠা- ৫-১৪ |
| → আঁকতে শিখি ঃ | পৃষ্ঠা- ৩-৭ |

### ⇨ অর্ধবার্ষিক পরীক্ষা

→ জ্ঞান কোষ ঃ ১৬-৩১

→ কম্পিউটার ঃ

বর্ণমালায় কম্পিউটার ঃ S থেকে Z পর্যন্ত [ও তৎসংশ্লিষ্ট অনুশীলনী]

| | |
|---|---|
| কম্পিউটারের বিভিন্ন অংশ | পৃষ্ঠা- ১৩ |
| সিস্টেম ইউনিট | পৃষ্ঠা- ১৭-১৯ |
| ছবি আঁকা, ড্রয়িং করা | পৃ: ২৮ |
| → আরবী হাতের লেখা ঃ | পৃষ্ঠা- ১৫ থেকে ২৬ |
| → এসো লেখা শিখি ঃ | পৃষ্ঠা- ১৫ থেকে ২৬ |
| → Hand Writing Book: | পৃষ্ঠা- ১৫ থেকে ২৪ |
| → আঁকতে শিখি ঃ | পৃষ্ঠা- ৮ থেকে ১১ |

### ⇨ বার্ষিক পরীক্ষা

→ জ্ঞান কোষ ঃ পৃ: ৩২-৪৮

→ কম্পিউটার ঃ

বর্ণমালায় কম্পিউটার ঃ A থেকে Z পর্যন্ত [ও তৎসংশ্লিষ্ট অনুশীলনী]

| | |
|---|---|
| ইন্টারনেট | পৃষ্ঠা- ২০-২১ |
| কম্পিউটার যেভাবে চালু করতে হয় | পৃষ্ঠা- ২২-২৩ |
| প্রয়োজনীয় সতর্কতা | পৃষ্ঠা- ৩২ |
| → আরবী হাতের লেখা ঃ | পৃষ্ঠা- ২৭ থেকে ৪০ |
| → এসো লেখা শিখি ঃ | পৃষ্ঠা- ২৭ থেকে ৪০ |
| → Hand Writing Book: | পৃষ্ঠা- ২৫ থেকে ৪০ |
| → আঁকতে শিখি ঃ | পৃষ্ঠা- ১২ থেকে ১৬ |